

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৬
সোনামুড়া, ২২ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
নলছড় ব্লকে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি নলছড় ব্লকের দশমীঘাট কমিউনিটি হলে এক বিকাশ ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১০ জন কৃষকের কাছ থেকে কেসিসি ঋণ ও ৬ জন কৃষকের কাছ থেকে পিএম কিষাণের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ব্লকের নলছড় ও বগাবাসা পঞ্চায়েতে ৩৫টি পরিবারের বাড়িতে জল জীবন মিশনে পানীয় জলের সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। শ্রম দপ্তর থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ৪টি ও ই-শ্রম কার্ডের জন্য দুটি আবেদনপত্র গ্রহণ করা হয়। বন দপ্তর থেকে ১৩০ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়। প্রশাসনিক শিবিরে মহকুমা প্রশাসন থেকে ৩১টি পিআরটিসি, ৪৩টি ইনকাম, ১১টি ওবিসি ও ২০টি এসসি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়।
